# খেয়া

স্থাপিত ঃ ১৯৯২
**বালিগঞ্জ জগদ্বন্ধু ইনসটিটিউশন অ্যালমনি অ্যাসোসিয়েশন**
রেজি নং *S/73377 under WB Act XXVI of 1961*
২৫, ফার্ন রোড, কলকাতা - ৭০০ ০১৯

e-mail : jbi.alumni.1914@gmail.com
Website : www.jagadbandhualumni.com
Facebook : www.facebook.com/jbialumni
**Blog : http://jagadbandhualumni.com/wordpress/**

*সভাপতি* দীপাঞ্জন বসু '৬৪
*সাধারণ সম্পাদক* রজত ঘোষ '৮৫
*পত্রিকা সম্পাদক* সুকমল ঘোষ '৬৯

**RNI No.WBBEN/2010/32438•Regd.No.:KOL RMS/426/2017-2019**
• Vol 05 • Issue 19 • 23 August 2017 • Price Rs. 2.00 •

## ২৪তম বার্ষিক সাধারণ সভা ২০১৭

২০১৫-১৭ সালের পরিচালন সমিতির কার্যকালের দ্বিতীয় বা শেষ বছরটি কাটল ভালো আর মন্দের মেলবন্ধনে। প্রথা অনুসারে (২০১৬-১৭) এই বছরে তারই জবাবদিহি - সম্পাদকের বার্ষিক প্রতিবেদন।

অ্যালমনির মুখপত্র 'খেয়া'তে সব কিছুরই তাৎক্ষণিক প্রতিবেদন সদস্যদের কাছে পাঠানো হয়। তাই এখানে আর বিশদে বিবৃত করার অবকাশ নেই, নেই বললেই চলে।

**স্কুলের পরিকাঠামোগত উন্নয়নে অ্যালমনির সহায়তা ঃ** এই পরিচালন সমিতির উল্লেখযোগ্য কাজটি স্কুলের উন্নয়নে প্রাক্তনীরা প্রত্যক্ষভাবে যুক্ত হলাম। বিদ্যাঙ্গনের প্রাক্তন শিক্ষকদের স্মরণে আর বর্তমান শিক্ষকদের শ্রদ্ধাজ্ঞাপন করেই আমাদের এই প্রয়াসকে - কমার্স ব্লক (H.S. Block) টিম নতুন তৈরি হওয়া টিচার্স রুমটির নতুন আলো লাগিয়ে, ফলস সিলিং করে ঘরটি সুন্দর করে গড়ে দেওয়া হয়েছে।

দ্বিতীয় প্রকল্পটি, দীর্ঘদিনের প্রাক্তনীদের আশা স্কুলেরে মাঠ আবার সবুজ হয়ে উঠুক...এরই পরিপ্রেক্ষিতে স্কুলের মাঠের নতুন মাটি ফেলে ঘাস বসানোর কাজ শুরু হয়েছে। নতুন নিকাশি ব্যবস্থা সহ মাঠকে ঘিরে বসানো হয়েছে অনেক গাছ। এই প্রকল্পে যাঁরা আর্থিক সহায়তা এবং তদারকি করেছেন, তাঁদের কৃতজ্ঞতা জানাচ্ছি।

**এই বছর যাদের হারিয়েছি ......** ঃ মাস্টার মহাশয় অধীর চন্দ্র পাল, ভবতোষ দত্ত, গোপাল চন্দ্র ভট্টাচার্য, আমাদের প্রাক্তনী রজত সেন '৫৬ সালের ছাত্র, এঁদের প্রতি আমাদের গভীর শ্রদ্ধা জ্ঞাপন করছি।

**খেয়া ঃ** প্রাক্তনীদের আর্থিক সহায়তায় খেয়া প্রায় প্রতি মাসেই পাড়ি দিচ্ছে সদস্যদের বাড়ি। খেয়ায় মাসিক অনুদান এখন ১,৫০০ টাকা, এ প্রসঙ্গে আপনাদের সহযোগিতার জন্য কৃতজ্ঞতা জানাই।

**জ্যোতিভূষণ চাকী ছাত্রবন্ধু প্রকল্প ঃ** ২০১৫ সালে প্রাথমিক বিভাগে আপাত অসচ্ছল ছাত্রদের জন্য একটি প্রকল্প তৈরি হয়েছিল। ছাত্রদের বার্ষিক শিক্ষা সত্র শান্ত খরচ প্রায় ৬,০০০ ;টাকা। এই প্রথম বছরে, অগ্রজ প্রাক্তনীরা এই প্রয়োজনীয় বিপুল অর্থ দিয়ে আমাদের সহায়তা করেছেন, আমরা ১৮ জন ছাত্র দিয়ে শুরু করে এই শিক্ষাবর্ষে ৫৫ জন ছাত্রের হাতে পোশাক, জুতো, সারা বছরের মাহিনা, বই-খাতা, ব্যাগ ইত্যাদি তুলে দিতে পেরেছি। তাদের আন্তরিক কৃতজ্ঞতা জ্ঞাপন করছি।

**বিভিন্ন স্থায়ী আমানত ঃ** এই আর্থিক বছরে বিভিন্ন খাতে নতুন স্থায়ী আমানতে গচ্ছিত টাকার ফরমান প্রায় ৫,০২,৮৬০ টাকা । গত দু'বছর অর্থাৎ ২০১৫-১৭ সালে গচ্ছিত পরিমাণ ছিল ১৩,০২,৮৬০ টাকার বেশি। প্রতি মাসের অনুষ্ঠান -

**বৈশাখী বৈঠক ঃ** ২৪ এপ্রিল ২০১৬, রবিবার সন্ধে ৭ টায় নববর্ষ উপলক্ষে অ্যালমনির ঘরে সমবেত হয়েছিলাম। উপভোগ্য ছিল সেদিনের ছোট্ট ঘরোয়া অনুষ্ঠান। অ্যাসোসিয়েশন আয়োজিত ক্যারাম টুর্নামেন্ট-এর পুরস্কারগুলি প্রদত্ত হয়।

২৩তম বার্ষিক সাধারণ সভা - ২৬ জুন, ২০১৬, রবিবার ২৩তম বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়। বেশ কিছু সদস্যের উপস্থিতিতে নানান কথাবার্তায় সরগরম হয়ে ওঠে সভাস্থল।

**২১তম অ্যালমনি পুরস্কার ২০১৬ ঃ** স্কুলের নানান পরীক্ষায় কৃতী ছাত্রদের সম্বর্ধনা অনুষ্ঠানের আয়োজন করে ছিল ২৫ সেপ্টেম্বর ২০১৬তে জগদ্বন্ধু ইনসটিটিউশন-এর হলঘরে। এ বছরের অতিথি, বিশিষ্ট লেখিকা শ্রদ্ধেয়া তিলোত্তমা মজুমদার তাঁর স্বল্পকথায় এই ধরনের অনুষ্ঠানের প্রাসঙ্গিকতার এবং এঁর সাফল্য কামনা করেন।

এ বছর স্মারকবৃত্তি বা পুরস্কারের সংখ্যা ১৪৪, টাকার অঙ্কে অ্যালমনি পুরস্কার বাবদ ১,২৬,৭০০ টাকার বেশি। পুরস্কার কেবলমাত্র কৃতীদেরই নয়, অর্থিক দিক থেকে পিছিয়ে পড়া ছাত্ররাও আছে। প্রাপকদের তালিকায় প্রথম শ্রেণির ছাত্র থেকে সদ্য কলেজ যাওয়া ছাত্ররাও আছে।

**বিজয়া ঃ** পুজারই রেশ নিয়ে বিজয়ার সান্ধ্য সম্মেলন (৬ নভেম্বর, ২০১৬, সন্ধ্যা ৬.০০টায়, স্কুলের হলঘরে। জগত-বান্ধবরা যারা সঙ্গীতের ভিন্ন ধারার সাধনায় বিরত, তাদের সম্মিলিত প্রয়াসে শারদ-সন্ধেটা অন্য আলোয় ভরে উঠেছিল।

**পিকনিক ২০১৭ ঃ** ২০১৭ সালের পিকনিক হয়েছিল মধ্যমগ্রামের স্কাউটের বাগান বাড়িতে, ৮ জানুয়ারি বছরের দ্বিতীয় রবিবার। প্রায় ৯৬ অ্যালমনি পরিবারের এই মিলন উৎসব হিমেল হাওয়ায় ভরে ওঠে।

**শহীদ স্মরণে ১২ ফেব্রুয়ারি, ২০১৭ ঃ** স্কুলের ছাত্র মোহিত রায় আর দেবব্রত দাশের আত্মবলিদান দিবস- ১২ ফেব্রুয়ারি, রবিবার, সন্ধে ৭টায় আমরা সমবেত হয়েছিলাম শহিদ বেদী-মূলে। শহিদের পরিবার সহ বেশকিছু মানুষের আন্তরিক উপস্থিতিতে শ্রদ্ধাজ্ঞাপন করা হয়।

**পুনর্মিলন উৎসব ২০১৭ ঃ** ১৮-১৯ ফেব্রুয়ারি শনি-রবিবার পুনর্মিলিত হই প্রাক্তনীরা, প্রথম দিনের এই অনুষ্ঠানটি হয় অবন মহল। প্রথমে স্কুলের প্রাক্তন ছাত্রদের সঙ্গীত পরিবেশন, পরের শিল্পী ছিলেন সায়নী পালিত। ১৯ ফেব্রুয়ারি স্কুলে মধ্যাহ্ন ভোজের আয়োজন ছিল।

**উপেন্দ্রনাথ দত্ত স্মারক বক্তৃতা ২০১৭ ঃ** জাতীয় পুরস্কার প্রাপ্ত প্রাক্তন প্রধান শিক্ষক উপেন্দ্রনাথ দত্ত জগদ্বন্ধু ইনসটিটিউশন-এর এক গৌরবময় অধ্যায়ের প্রাণপুরুষ। তৃতীয় বর্ষে এই বক্তৃতা আসর বসে, ১৯ মার্চ, ২০১৭, রবিবার বালিগঞ্জ ইনসটিটিউট সভাঘর-এ বক্তব্য রাখেন অধ্যাপিকা চৈতালী দত্ত, প্রাক্তন সভাপতি প. ব. মধ্যশিক্ষা পর্ষদ। বিষয় ছিল, 'বাংলা মাধ্যম বিদ্যালয়ে শিক্ষার সংস্কৃতি বিষয়ক আলোচনা।'। অনুষ্ঠানটি একটি সার্থক রূপ পেয়েছিল।

এই বছরটি পরিচালন সমিতির সদস্যরা ও অন্যান্য সদস্যের বিশেষ কৃতজ্ঞতা জ্ঞাপন করি কারণ তাঁরা ছাড়া এ বছরটি সার্বিক সাফল্য পেত না।

ধন্যবাদ

**২৪তম বার্ষিক সাধারণ সভা**

**১৬ সেপ্টেম্বর ২০১৭, সন্ধ্যা - ৭টা**

**স্থান ঃ জগদ্বন্ধু স্কুল**

BALLYGUNGE JAGADBANDHU INSTITUTION ALUMNI ASSOCIATION
25, FERN ROAD, KOLKATA – 700019, PHONE : 6510 0696 (REGD. NO. S/73377)
E-mail : jbi.alumni.1914@gmail.com Website : www.jagadbandhualumni.com

# NOTICE

Notice is hereby given that the 24th Annual General Meeting of the members of Ballygunge Jagadbandhu Institution Alumni Association will be held on Saturday, 16th September 2017 at 7.00 p.m. at the premises of Jagadbandhu Institution, 25 Fern Road, Kolkata 700019. The following agenda shall be transacted:

1. To read and confirm the minutes of the last Annual General Meeting held on 26 June 2016.
2. To consider and adopt the Secretary's Report on the working of the Association during the year 2016-17.
3. To consider and adopt the Annual Accounts of the Association for the financial year 2016-17.
4. To appoint Auditor and fix their remuneration for the year 2017-18.
5. To declare the names of elected members of newly formed Governing Body for the period 2017-19.
6. To transact any other business as may be determined by the Governing Body.

Each member of the Ballygunge JBI Alumni Association is requested to make it convenient to attend the scheduled AGM.

By Order of the Governing Body
Rajat Ghosh
Secretary

Kolkata, 23 August, 2017

## স্মরণে

রামানন্দ সেনগুপ্ত, আমাদের স্কুলের প্রাক্তনী। ১৯৩৫-এ ম্যাট্রিক পরীক্ষায় উত্তীর্ণ হয়েছিলেন। শতায়ু, এই সিনেমাটোগ্রাফার ফরাসি পরিচালক জাঁ রেনোয়ার দ্য রিভার ছবিতে অপারেটিং ক্যামেরা ম্যান ছিলেন। পূর্ব্বরাগ, বিন্দুর ছেলে, শিল্পী সহ প্রায় ৭০টির বেশি ছবিতে তিনি কাজ করেছিলেন। তাঁর আত্মার শান্তি কামনা করি.....

চলে গেলেন আমাদের স্কুলের আর এক প্রাক্তনী মিহির চট্টোপাধ্যায়, ১৯৫৮। অ্যালমনির বিভিন্ন অনুষ্ঠানে সস্ত্রীক ওনার উপস্থিতি প্রাক্তনীদের স্মৃতিতে প্রখর হয়ে আছে। তাঁর আত্মার চিরশান্তি কামনা করি।

## ELECTION NOTICE

This is for information of the members of Ballygunge Jagadbandhu Institution Alumni Association that as per the Amended Constitution, a new Governing Body of the Association, comprising a maximum of 13 (thirteen) members and a minimum of 9 (nine) members, will be elected for the period 2017 – 2019. Again, as per the Amended Constitution, members of the newly elected Governing Body shall elect one President, one Vice President, one Secretary, one Treasurer and one Assistant Secretary from amongst them for the period 2017-2019.

Members of the Association who would wish to take part in the Election are requested to note the following schedule:

| Item | Days - Dates | Timing |
|---|---|---|
| Collection of Nomination Forrms<br>from the Association's Office | 3 September 2017 Sun<br>6 September 2017 Wed | 11.30 to 12.30 hours<br>19.30 to 20.30 hours |
| Last date of Submission of duly<br>filled-in Nomination From at the Association's Office | 6 September 2017 Wed | 19.30 to 20.30 hours |
| Scrutiny of Nomination Forms<br>Last Date for Withdrawal of Nomination Form | 6 September 2017 Wed<br>6 September 2017 Wed | 20.30 to 21.00 hours<br>19.30 to 20.30 hours |
| Election and announcement of election results | 16 September 2017 Sat | 16.30 to 17.30 hours |

Please note that the eligibility criteria for contesting at the Governing Body election are:

**1.** Must be a *bona fide* member of the Association at least for the last two years;

**2.** For ordinary members, all dues of the Association must have been cleared, as on 31.03.2017.

Members who are willing to contest the Governing Body election may contact the office of JBI Alumni Association as per the above schedule.

By Order of the Governing Body
Rajat Ghosh
Secretary

Kolkata, 23 August 2017